দৈনিক ইনকিলাব

MAY 1 1 2002

তারিখ ........................

পৃষ্ঠা ... কলাম ...

## পরীক্ষার ফলাফল প্রকাশ প্রসঙ্গে

পরীক্ষার ফলাফল প্রকাশে গ্রেডিং পদ্ধতি একটি উত্তম পদ্ধতি। তবে মানুষের বুঝতে একটু সময় লাগবে মাত্র; যেমন লেগেছিল সের থেকে কেজি এবং আনা থেকে পয়সার হিসাব বুঝতে। তবে এই ফলাফল প্রকাশের ধরনের ক্ষেত্রে আমার নিম্নরূপ প্রস্তাব বিবেচনার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি ঃ

১. এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হোক। এতে শিক্ষা প্রতিষ্ঠান, ছাত্র-ছাত্রী এবং অভিভাবক উৎসাহিত হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মান সম্পর্কে সাধারণ মানুষ ধারণা লাভ করতে পারবে। প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা, এমনকি পরিচালনা পরিষদও এতে উপকৃত হবে এবং শিক্ষার মানও বাড়তে থাকবে।

২. এ ব্যবস্থায় মেধা তালিকাও থাকা দরকার। মেধাবীদের বৃত্তিও প্রদান করা উচিত। জিপিএ ৫ প্রাপ্তদের তালিকা, ৪.৮৮ প্রাপ্তদের তালিকা এবং জিপিএ ৪.৭৫ প্রাপ্তদের তালিকা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নাম উল্লেখপূর্বক আলাদাভাবে প্রকাশ করা উচিত।

৩. প্রাথমিক ও জুনিয়র বৃত্তিপ্রাপ্তদেরও সনদপত্র প্রদান করা উচিত। এতে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের একটি দলিল থাকে, পরবর্তী প্রজন্মও উৎসাহিত হয়।

উপরোক্ত প্রস্তাবাবলী গ্রহণ করলে লাভ বৈ কোন ক্ষতি নেই। লাভ হিসেবে সৃষ্টি হবে প্রতিযোগিতা।

—এম ফজলুর রহমান বিএ বিএড
ছ/২৭, যৌথ আবাসিক কলোনী
পতেঙ্গা, চট্টগ্রাম।